# চ্যান্সেলরের প্রবিধান

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ক্যাটেগরি: | **শিক্ষার্থী** | ইস্যুর তারিখ: | ৬/২৯/০৯ | নম্বর: | **A-630** |
| বিষয়: | শিক্ষার্থীদের ধর্মীয় সুবিধালাভ | | | পৃষ্ঠা: | 1 of 1 |

## পরিবর্তনের সারাংশ

এই প্রবিধান ১৯ ফেব্রুয়ারি, ২০০৩ তারিখে জারিকৃত চ্যান্সেলরের প্রবিধান A-630 কে রহিত করে।

এটি ধর্মীয় শিক্ষার জন্য শিক্ষার্থী সুযোগ পরিচালনার প্রক্রিয়া নির্ধারণ করে। এছাড়া, এটি ধর্মীয় দিবস উদযাপন এবং পালনের সুবিধা পাবার অনুরোধ জানানোর ক্ষেত্রে স্কুলসমূহ যেসব গাইডলাইন এবং প্রক্রিয়া অনুসরণ করে সেগুলিও নির্ধারণ করে।

পরিবর্তনসমূহ:

- প্রবিধানটি পুনরায় প্রণয়ন করা হয়েছে।
- পিতামাতাগণ ধর্মীয় প্রতিষ্ঠান থেকে প্রতি সেমেস্টারে তাদের সন্তানের জন্য যে ধর্মীয়-উদযাপন সময়ের সুবিধা পাবে সেটির একটি রিপোর্ট তৈরির দায়িত্ব তাদের থাকবে এবং রিপোর্টটি ঐ সেমেস্টারের শেষ স্কুল দিবসের আগে প্রিন্সিপ্যালের কাছে জমা দিতে হবে।

## সংক্ষিপ্তসার

এই প্রবিধান শিক্ষার্থীদের ধর্মীয় শিক্ষার সময় প্রদান পরিচালনার গাইডলাইন, নিয়মাবলী, এবং প্রক্রিয়া নির্ধারণ এবং ধর্মীয় উৎসব উদযাপন এবং পালনে যৌক্তিক সুযোগ সুবিধা প্রদান করে। এই প্রবিধান ১৯ ফেব্রুয়ারি, ২০০৩ তারিখে জারিকৃত চ্যান্সেলরের প্রবিধান A-630 কে রহিত করে। সকল বিল্ডিং প্রশাসক এবং কর্মীর এই প্রবিধান সম্পর্কে জানা উচিত।

**I.** ভূমিকা

শিক্ষার্থীদেরকে তাদের ধর্মের ভিত্তিতে বৈষম্য করা যাবে না, এবং স্কুলসমূহ শিক্ষার্থীদের ধর্মীয় অধিকার পালনে অবশ্যই যৌক্তিক সুযোগ-সুবিধা প্রদান করবে। একইভাবে, স্কুলসমূহকে ধর্মীয় কর্মকাণ্ডের বিরুদ্ধে কোন সরকারি অনুমোদন দানে অথবা অযৌক্তিকভাবে জড়িত হবার বিষয়ে যে সাংবিধানিক নিষেধাজ্ঞা রয়েছে সেসম্পর্কে অবশ্যই অবহিত থাকতে হবে। এই প্রবিধান ধর্মীয় শিক্ষা/নির্দেশনা, উৎসব উদযাপন এবং পালনে শিক্ষার্থীদের সময়দানের সুযোগ-সুবিধার অনুরোধ কীভাবে রক্ষা করা হবে সেবিষয়ে স্কুলগুলোর জন্য কিছু গাইডলাইনও নির্ধারণ করে। এই নিয়মগুলি সকল শিক্ষার্থী এবং ধর্মীয় আচার পালনে সমানভাবে প্রযোজ্য।

A. ধর্মীয় শিক্ষা/নির্দেশনার জন্য সময় প্রদান

নিউ ইয়র্ক স্টেট কমিশনার অব এডুকেশনের প্রবিধান (CR 109.2) অনুযায়ী, নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন প্রতি বুধবারের শিক্ষা দিবসের শেষ ঘণ্টাটি ধর্মীয় নির্দেশনা/শিক্ষার “সময় হিশেবে” নির্ধারণ করেছে।

স্কুল বিল্ডিং এবং প্রাঙ্গণের বাইরে অনুষ্ঠিত কোন ধর্মীয় নির্দেশনা/শিক্ষার কর্মসূচিতে যোগদানের জন্য স্কুল সময়ে কোন অনুমোদিত শিক্ষার্থীর অনুপস্থিতি ক্ষমাযোগ্য। ধর্মীয় শিক্ষা-নির্দেশনার কর্মসূচি অবশ্যই কোন যথাযোগ্য ধর্মীয় প্রতিষ্ঠান কর্তৃক অথবা তার অধীনে পরিচালিত হবে।

1. পিতামাতার* দায়িত্বসমূহ:

   a. প্রত্যেক পিতামাতা যিনি ধর্মীয় শিক্ষা-নির্দেশনার উদ্দেশ্যে সময়ের অনুরোধ জানান তাকে অবশ্যই স্কুল থেকে সন্তানের ছাড়া পাবার জন্য স্বাক্ষরকৃত, লিখিত অনুমোদনপত্র এবং ধর্মীয় শিক্ষা কর্মসূচিতে শিক্ষার্থীর রেজিস্ট্রেশনের কপি জমা দিতে হবে। স্বাক্ষরকৃত, লিখিত অনুমোদনে অবশ্যই ধর্মীয় প্রতিষ্ঠানটির পরিচিতি এবং যেখানে শিক্ষাদান করা হয় তার ঠিকানা থাকতে হবে।

   b. সন্তানদেরকে ছাড়াপ্রাপ্ত সময়ের কর্মসূচি থেকে প্রত্যাহার করার জন্য পিতামাতাকে অবশ্যই স্কুল-কর্মীদেরকে জানাতে হবে।

   c. স্কুল অধিবেশন সংক্ষিপ্ত করা হলে এবং শিক্ষার্থীদের ছুটি যদি আগে হয়, তাহলে পিতামাতাদেরকে অবশ্যই বিকল্প ব্যবস্থা নিতে হবে।

   পিতামাতাগণ ধর্মীয় প্রতিষ্ঠান থেকে প্রতি সেমেস্টারে তাদের সন্তানের জন্য যে ধর্মীয়-উদযাপন সময়ের সুবিধা পাবে সেটির একটি রিপোর্ট তৈরির দায়িত্ব তাদের থাকবে এবং রিপোর্টটি ঐ সেমেস্টারের শেষ স্কুল দিবসের আগে প্রিন্সিপ্যালের কাছে জমা দিতে হবে।

2. স্কুলের দায়দায়িত্ব

   স্কুলগুলো অবশ্যই:

   পিতামাতার কাছ থেকে উপরে বর্ণিত সেকশন I.A.1.a অনুযায়ী স্বাক্ষরকৃত, লিখিত অনুমোদন এবং ধর্মীয় শিক্ষার কর্মসূচিতে শিক্ষার্থীর রেজিস্ট্রেশনের কপি পাবার পর, প্রতি বুধবারের শিক্ষা দিবসের শেষ ঘণ্টায় তাকে ছেড়ে দেবে যাতে সে ধর্মীয় শিক্ষার কর্মসূচিতে অংশগ্রহণ সক্ষম হয়। স্বাক্ষরকৃত অনুমোদন এবং ধর্মীয় শিক্ষা কর্মসূচিতে শিক্ষার্থীর রেজিস্ট্রেশন স্কুলের ফাইলে সংরক্ষিত রাখবে।

---

* এই প্রবিধানে যখনই “পিতামাতা” শব্দটি ব্যবহৃত হয়েছে, তখন এর অর্থ হচ্ছে শিক্ষার্থীর পিতামাতা অথবা অভিভাবক(গণ), শিক্ষার্থীর পিতামাতা স্থানীয় বা হেফাজতকারীর সম্পর্কে আবদ্ধ ব্যক্তি(বর্গ), অথবা শিক্ষার্থী নিজে, যদি সে স্বাবলম্বী নাবালক অথবা ১৮ বছর বয়সী হয়ে থাকে।

b. একটি পদ্ধতি তৈরি করবে যেখানে স্কুল থেকে ছাড়া পাবার সময় আসন্ন হলে শিক্ষার্থী এবং শিক্ষকদের মনে করিয়ে দেয়া হবে। এই ধরনের ছুটি সাধারণভাবে প্রতিষ্ঠিত স্কুল নীতিমালা অনুযায়ী হবে। স্কুল কর্তৃপক্ষ অবশ্যই দ্রুত ছুটি প্রদানের সকল প্রচেষ্টা চালাবেন।

c. যেসব শিক্ষার্থী ধর্মীয় শিক্ষার কর্মসূচিতে যোগদানের জন্য ছাড়া পাবে তাদেরকে ধর্মীয় শিক্ষার কর্মসূচি থেকে দেরিতে আসার কারণে আফটার-স্কুল কর্মসূচি থেকে অযৌক্তিকভাবে বাদ দেবে না।

d. ধর্মীয় শিক্ষার কর্মসূচিতে যোগদানের জন্য ছুটি পাওয়ায় শিক্ষার্থীদেরকে অ্যাকাডেমিক দণ্ড দেবে না।

e. যেসব শিক্ষার্থী ছুটি নিয়ে ধর্মীয় শিক্ষার কর্মসূচিতে অংশগ্রহণ করবে না তাদের জন্য যত্নসহকারে পরিকল্পনা গ্রহণ করবে, এবং যাতে তাদেরকে উল্লেখযোগ্য শিক্ষা কর্মসূচি প্রদান করা হয়ে সেবিষয়টি নিশ্চিত করবে।

f. শিক্ষার্থীদের জন্য ছুটি নিয়ে কর্মসূচিতে যোগদানের বিষয়টি নিশ্চিত করা দায়িত্বে থাকবে না। ধর্মীয় শিক্ষার কর্মসূচিতে শিক্ষার্থীদের অনুপস্থিত থাকার বিষয়ে কোন অনুসন্ধানের উত্তর পাবলিক স্কুল কর্তৃপক্ষ দেবে না, এবং চ্যান্সেলরের প্রবিধান A-৪20-এ যে অনুমোদন দেয়া আছে সেসব ব্যতীত শিক্ষার্থী সম্পর্কিত কোন তথ্যও প্রদান করবে না।

g. ছুটি নিয়ে ধর্মীয় শিক্ষার কর্মসূচিতে অংশগ্রহণের জন্য কোন শিক্ষার্থীকে প্রলুব্ধ করা অথবা স্কুল সম্পত্তির কাছাকাছি যেন তেমন কোন ঘটনা না ঘটে সেবিষয়টি নিশ্চিত করা। এছাড়া, ছুটি নিয়ে এ ধরনের কর্মসূচিতে যোগদানের কোন প্রচারও স্কুলে করা হবে না।

h. উপরে উল্লিখিত সেকশন I.A.1.d অনুযায়ী প্রতি সেমেস্টার শেষে স্কুলে সংরক্ষিত ছুটি প্রাপ্ত এইসব কর্মসূচিতে ভর্তি শিক্ষার্থীদের উপস্থিতির রিপোর্ট রাখা হবে।

## B. ধর্মীয় সুযোগ-সুবিধা

1. ধর্মীয় উদযাপন এবং অনুষ্ঠানের সুবিধালাভের যেকোন অনুরোধ অবশ্যই যথাযথ স্কুল কর্তৃপক্ষের কাছে লিখিতভাবে জমা দিতে হবে। স্কুল যাতে উপযুক্ত ব্যবস্থা এবং যথাযথ সময়সূচি নির্ধারণ করতে পারে সে লক্ষ্যে এ ধরনের অনুরোধ পর্যাপ্ত সময় হাতে নিয়েই জানাতে হবে।

2. যেকোন সুবিধার প্রতিটি অনুরোধ অবশ্যই স্কুল কর্তৃক পৃথকভাবে এবং সুবিবেচনার মাধ্যমে নেয়া হবে। আইনী বিবেচনার প্রতি লক্ষ্য রেখে, ডিপার্টমেন্ট অব এডুকেশনের দায়িত্ব এবং নীতি রক্ষা করে, এবং স্কুলের ও প্রত্যেক শিক্ষার্থীর শিক্ষা কর্মসূচির প্রতি যত্নবান হয়ে এই ধরনের সুবিধার অনুরোধের প্রচেষ্টা স্কুল কর্তৃপক্ষ বিশ্বস্ততার সাথে করবে। কোন সুবিধালাভে পিতামাতাদের একটি দ্বিপাক্ষিক সহযোগিতামূলক দায়িত্ব থাকবে।

3. স্কুল বিল্ডিং এবং প্রঙ্গণের বাইরে ধর্মীয় উদযাপন

যৌক্তিক এবং শিক্ষাগতভাবে সম্ভব হলে, স্কুল বিল্ডিং এবং প্রাঙ্গণের বাইরে ধর্মীয় অনুষ্ঠানের ব্যবস্থা লিখিতভাবে সময়ের অনুরোধ পাবার পর প্রত্যেক শিক্ষার্থীর জন্য তার সময়সূচি মানানসইভাবে করা হবে। নিয়মিত স্কুল চলাকালে শিক্ষার্থীদের ধর্মীয় উদযাপনের যেকোন সময় প্রদানের সিদ্ধান্ত স্কুল প্রিন্সিপ্যাল নিজে নেবেন। যেসব বিষয় বিবেচনায় নেয়া হবে কিন্তু এতেই সীমাবদ্ধ নয় সেগুলির মধ্যে আছে:

i. কতটা সময়ের অনুরোধ জানানো হয়েছে;

ii. সুবিধা কতক্ষণের জন্য হবে;

iii. প্রত্যেক শিক্ষার্থীর সময়সূচির উপর কতটা প্রভাব ফেলবে, যেমন কোন ক্লাসগুলিতে সে উপস্থিত থাকতে পারবে না;

iv. যেসব ক্লাসে শিক্ষার্থী উপস্থিত থাকতে পারবে না সেগুলির ঘাটতি পূরণ হবে কিনা; এবং/অথবা

v. এই সুবিধালাভের কারণে শিক্ষার্থীর আবশ্যিক শিক্ষা সময়ের ঘাটতি হবে কিনা।

b. বাইরে থেকে আসা পরীক্ষা গ্রহণকারী প্রতিষ্ঠান পরিচালিত পরীক্ষার দিনে শিক্ষার্থীরা যদি ধর্মীয় উদযাপনের কারণে পরীক্ষায় অনুপস্থিত থাকে, সেক্ষেত্রে পরীক্ষা পরিচালনাকারী প্রতিষ্ঠান শিক্ষার্থীদেরকে বিকল্প তারিখে গৃহীত পরীক্ষা সম্পর্কে অবহিত করবে।

c. যথাযথ উপস্থিতির রেকর্ডও সংরক্ষিত থাকবে। নিউ ইয়র্ক স্টেট কমিশনার অব এডুকেশন কর্তৃক স্বীকৃত ধর্মীয় ছুটির দিন অথবা বিতরণকৃত বার্ষিক ক্যালেন্ডারে স্বীকৃত নয় এমন অন্য কোন ছুটির দিন যেসব শিক্ষার্থী পালন করে তারা তাদের উদযাপনের তারিখের আগে লিখিত পিতামাতার অনুরোধের ভিত্তিতে ঐসব দিনের অনুপস্থিতি থেকে অব্যাহতি পাবে। শিক্ষকগণ অবশ্যই শিক্ষার্থীকে অনুপস্থিত চিহ্নিত করবে এবং কারণ হিশেবে চ্যান্সেলরের প্রবিধান A-210 অনুযায়ী এটিএস সিস্টেমে কোড “05” (ধর্মীয়/সাংস্কৃতিক উদযাপন) এন্টার করবে।

4. প্রার্থনা

যেসকল শিক্ষার্থী স্কুল সম্পত্তিতে প্রার্থনা করতে আগ্রহী তারা তা আলাদাভাবে করতে পারবে কিন্তু সেটি যেন স্কুল কর্মসূচি পরিচালনায় ব্যাঘাত অথবা তাকে ব্যহত না করে। কোন নির্দিষ্ট ধর্মের প্রতি পক্ষপাতিত্ব অথবা অন্য কোন সংশ্লিষ্টতা এড়াতে, স্কুলগুলো কোন শিক্ষার্থীর প্রার্থনার জন্য পৃথক কোন রুম অথবা বিশেষ কোন জায়গার ব্যবস্থা করবে না। স্কুল কর্তৃপক্ষের প্রতিনিধিত্বকারী কোন ব্যক্তির এই ধরনের প্রার্থনা সংগঠিত করা, তাতে নেতৃত্বদান, অথবা অন্যভাবে অংশগ্রহণও অনুপযুক্ত। <u>দ্রষ্টব্য</u>: হাই স্কুল শিক্ষার্থীদের ধর্মীয় ক্লাব গঠনের অধিকার রয়েছে এবং চ্যান্সেলরের প্রবিধান A-601-এর ইক্যুয়াল অ্যাকসেস অ্যাক্ট অনুযায়ী, এবং স্কুলের নিজস্ব প্রক্রিয়া অনুসারে যে সময় লেখাপড়া চলছে না এমন সময়ে তারা মিলিত হয়ে প্রার্থনা অনুষ্ঠান করতে পারে।

5. রোজা রাখা অথবা উপবাস করা

যেসব শিক্ষার্থী রোজা রাখে অথবা উপবাস করে তারা চাইলে ক্যাফেটেরিয়াতে পৃথকভাবে বসতে পারে।

**6. যেসব শিক্ষার্থী রোজা রাখে অথবা উপবাস করে তারা চাইলে ক্যাফেটেরিয়াতে পৃথকভাবে বসতে পারে।**

স্কুলসমূহকে ধর্মীয় উদযাপনের জন্য যেসব সুবিধা প্রদান করা হয় সেগুলির একটি সঠিক রেকর্ড রাখার বিষয় অবশ্যই নিশ্চিত করতে হবে। এইসব রেকর্ডে আছে সুবিধা পাবার আবেদন, যে সুবিধা প্রদান করা হয়েছে তার উল্লেখ, এবং কেন সুবিধা অনুমোদিত বা প্রত্যাখান করা হয়েছে তার কারণ।

## II. <u>অনুসন্ধান</u>

এই প্রবিধান সম্পর্কে সকল অনুসন্ধান নিচের ঠিকানায় প্রেরণ করতে হবে:

| ফোন: | *The Office of Student Enrollment*<br>N.Y.C. Department of Education<br>52 Chambers Street, Room 218<br>New York, NY 10007 | ফ্যাক্স: |
|---|---|---|
| 212-374-6095 | | 212-374-5751 |